



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সরকারি আবাসন পরিদপ্তর
ভান্ডার



www.doga.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০০.৩০.০১১.২০.৮

তারিখ: ৩০ পৌষ ১৪২৭

১৪ জানুয়ারি ২০২১

বিষয়: সরকারি আবাসন পরিদপ্তরে ১৭-২০তম গ্রেডভুক্ত সর্বমোট ২৩৭ জন মহিলা ও পুরুষ কর্মচারীর গ্রীষ্মকালীন ও শীতকালীন সাজ পোষাক সরবরাহের কার্যাদেশ প্রদান।

সূত্র: আপনার ২৯/১১/২০২০ তারিখের প্রদত্ত দরপত্র।

সরকারি আবাসন পরিদপ্তর, ঢাকা অফিসের ১৭-২০ গ্রেডভুক্ত সর্বমোট ২৩৭ জন মহিলা ও পুরুষ কর্মচারীর গ্রীষ্মকালীন ও শীতকালীন সাজ পোষাক সরবরাহের নিমিত্তে আপনার দাখিলকৃত ১২,৩১,৪৫৫/- (বারো লক্ষ একত্রিশ হাজার চারশত পঞ্চাশ) টাকার দরপত্রটি সর্বনিম্ন এবং আইটেম ভিত্তিক নমুনা সঠিক হওয়ায় মূল্যায়ন কমিটি কর্তৃক সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

অতএব, আপনার দাখিলকৃত দরপত্র অনুযায়ী এবং সংযুক্ত সরবরাহকৃত মালামালের বিবরণ, পরিমাণ ও মূল্য উল্লিখিত তফসিল মোতাবেক ১৭-২০ গ্রেডভুক্ত সর্বমোট ২৩৭ জন মহিলা ও পুরুষ কর্মচারীর গ্রীষ্মকালীন ও শীতকালীন সাজ পোষাক নিম্নোক্ত শর্ত মোতাবেক সরবরাহের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলি:

- ১। কার্যাদেশ প্রাপ্তির ০১(এক) মাসের মধ্যে সকল সরবরাহের কাজ সম্পন্ন করতে হবে;
- ২। আপনার দাখিলকৃত নমুনা অনুযায়ী অফিস চলাকালীন সময়ে সকল পুরুষ/মহিলা কর্মচারীদের সাজ-পোষাক এর মাপ গ্রহন করতে হবে;
- ৩। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল বলিয়া গণ্য হবে; এবং
- ৪। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহ কার্য সম্পন্ন করে ৩(তিন) কপি বিল দাখিল করতে হবে।

১৪-১-২০২১

মোহাম্মদ জিল্লুর রহমান

উপ পরিচালক

ফোন: +৮৮০২৯৫৪৬৩১১

ফ্যাক্স: +৮৮০২৯৫৪৬৪৬৩

ইমেইল: adminsec@doga.gov.bd

স্বত্বাধিকারী, মায়ের দোয়া এন্টারপ্রাইজ,
১১/২ উত্তর কাফরুল, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০০.৩০.০১১.২০.৮/১(৯)

তারিখ: ৩০ পৌষ ১৪২৭

১৪ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২তলা, সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) উপসচিব (নিরাপত্তা শাখা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। , উল্লেখিত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/প্রতিনিধিকে এ অফিসে কর্মচারীদের মাপানুযায়ী আইটেম ভিত্তিক সাজ পোষাক সরবরাহের জন্য ০১(এক) মাস সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৩) অতিরিক্ত পুলিশ কমিশনার (নিরাপত্তা), সচিবালয় গেট নং-১/২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) হিসাব রক্ষক, ক্যাশ ও বিল শাখা, সরকারী আবাসন পরিদপ্তর
- ৫) নাজির, ভান্ডার, সরকারী আবাসন পরিদপ্তর
- ৬) পরিচালকের ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, সরকারী আবাসন পরিদপ্তর
- ৭) সহকারী হিসাব রক্ষক (ক্যাশিয়ারের দায়িত্বপ্রাপ্ত), , সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
- ৮) অফিস ফ্রন্টডেস্ক, আইসিটি শাখা, সরকারী আবাসন পরিদপ্তর
- ৯) অতিরিক্ত পরিচালকের ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত পরিচালকের দপ্তর, সরকারী আবাসন পরিদপ্তর

১৪-১-২০২১

আব্দুল্লাহ-আল-নোমান
সহকারী পরিচালক